

# Bidhumukhi Janakalyan Trust

( PALLY MONIMELA )

3, Khalishakota Pally, P.O. Birati, Cal-51

Phone : 512-1831

তাঃ ১৬ই জানুয়ারী ২০২৬  
Date.....

Ref. No.....

মাননীয়

পৌর প্রধান

উত্তর দম দম পৌরসভা

বিরাতী, কোল - ৭০০০৫১

বিষয়: CT/PT প্রকল্পের আওতায় ১৯ নং ওয়ার্ডে অবস্থিত খেলার মাঠ সংলগ্ন স্থায়ী শৌচালয় নির্মাণের জন্য আবেদন।

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে, বিধুমুখী জনকল্যাণ ট্রাস্ট উত্তর দমদম পৌরসভার অন্তর্গত ১৯ নং ওয়ার্ডে অবস্থিত একটি সামাজিক ও জনকল্যাণমূলক প্রতিষ্ঠান। আমাদের ট্রাস্টের নিজস্ব একটি খেলার মাঠ রয়েছে, যেখানে প্রতিদিন এলাকার শিশু-কিশোর, যুবক এবং বিভিন্ন সামাজিক কার্যক্রমে বহু মানুষ সমবেত হন।

দুঃখের বিষয় এই যে, উক্ত খেলার মাঠ সংলগ্ন এলাকায় বর্তমানে কোনও স্থায়ী শৌচালয়ের ব্যবস্থা না থাকায় খেলোয়াড়, স্থানীয় বাসিন্দা এবং অনুষ্ঠানে আগত সাধারণ মানুষের বিশেষ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। বিশেষ করে মহিলা, শিশু ও বয়স্ক ব্যক্তিদের জন্য এই সমস্যা আরও প্রকট।

অতএব, এলাকাবাসীর সার্বিক স্বার্থে ও জনস্বাস্থ্য রক্ষার উদ্দেশ্যে আমাদের খেলার মাঠ সংলগ্ন স্থানে একটি স্থায়ী শৌচালয় নির্মাণের ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার সদয় হস্তক্ষেপ একান্তভাবে কাম্য।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, আপনার সদয় বিবেচনায় এই আবেদন অনুমোদিত হলে এলাকাবাসী বিশেষভাবে উপকৃত হবেন এবং পরিবেশগত স্বাস্থ্যব্যবস্থারও উন্নতি সাধিত হবে।

এই বিষয়ে আপনার সদয় সিদ্ধান্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমরা চিরকৃতজ্ঞ থাকব।

ধন্যবাদান্তে,

বিনীত নিবেদক

Gopi mata malakar

সভাপতি

বিধুমুখী জনকল্যাণ ট্রাস্ট

ওয়ার্ড নং-১৯, উত্তর দমদম পৌরসভা

সিদ্ধান্তিত with R  
request to consider matter  
the prayer

19.01.26  
SUBODH CHAKRABORTY

Councillor  
Ward No.- 19  
North Dum Dum Municipality  
M : 9433103311

